# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 FEBRUARY 2025 7:45—7:55**

---

১) প্রাধনমন্ত্রী নরেন্দ্র মোদীর বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধনের উদ্দেশ্যে আগামী শনিবার আসাম সফর ।

২) কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে আসামে ১ হাজার ৮শো ১৯ কোটি টাকার অনুমোদন ।

৩) ভারতবর্ষ খুব শীঘ্রই একটি অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদনকারী রাষ্ট্রে পরিণত হওয়ার পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় শক্তি দপ্তরের প্রতিমন্ত্রী শ্রীপদ য়েসো নায়েকের মন্তব্য ।

এবং

৪) বরাক উপত্যকায় কেন্দ্রীয় বাণিজ্য সংঘ এবং মোটর শ্রমিক সংস্থা আহুত সাধারণ ধর্মঘট ও চাকা বন্ধের মিশ্র প্রভাব ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধন করার উদ্দেশ্যে আগামী শনিবার আসাম সফরে আসছেন । তিনি আগামী শনিবার জরুরীকালীন সময়ে উড়ান-অবতরণ করতে সক্ষম বিশেষভাবে প্রস্তুত করা জাতীয় সড়কে অবতরণ করবেন । এর আগে প্রধানমন্ত্রী প্রথমে সাবুয়ার সেনা ছাউনিতে যাবেন এবং সেখান থেকে মরাণ যাবেন । এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রটি বায়ুসেনার জন্য কৌশলগত দিক থেকে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে । যুদ্ধ অথবা যেকোন জরুরীকালীন অবস্থায় সাধারণ বিমান বন্দরসমূহ অচল হয়ে গেলে এই বিকল্প অবতরণ ক্ষেত্র সেনাবাহিনীর জন্য ফলপ্রসূ হবে । প্রধানমন্ত্রীর সফরের প্রস্তুতির অংশ হিসেবে গতকাল ডিব্রুগড়ের মরাণে

ভারতীয় বায়ুসেনার যুদ্ধ বিমান উত্তর-পূর্বাঞ্চলের প্রথম জরুরীকালীন অবতরণ ক্ষেত্রে পরীক্ষামূলক উড়ান এবং অবতরণ সম্পন্ন করে । ৪ দশমিক ২ কিলোমিটার দৈর্ঘের এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রে গতকাল সুখোই-থার্টি , রেফেল , তেজস বিমান সহ হার্কিউলিস এবং এন্টনভ-এ-এন-থার্টিটু পরিবহণ বিমান অবতরণ ও উড়ান কৌশল প্রদর্শন করে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মরান থেকে সরাসরি গৌহাটি আসবেন । গৌহাটিতে তিনি ব্রহ্মপুত্রের ওপর নির্মিত গৌহাটি-উত্তর গৌহাটি সংযোগী কুমার ভাষ্করবর্মা সেতুর উদ্বোধন করবেন । এর পর শ্রী মোদী গৌহাটির ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ( আই আই এম)-এর একটি অস্থায়ী প্রাঙ্গনের উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয় তহবিলে ক্রয় করা ১শোটির অধিক বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । একই সঙ্গে প্রধানমন্ত্রী আমিনগাওয়ে একটি হাইপার স্কেল তথ্য কেন্দ্রেরও উদ্বোধন করবেন । এই সফরকালে শ্রী মোদী গৌহাটিতে আয়োজিত একটি দলীয় কর্মী সভায়ও অংশ গ্রহণ করবেন ।

---

কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে আসামে ১ হাজার ৮শো ১৯ কোটি টাকায় অনুমোদন জানিয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ এই তথ্য জানিয়ে রাজ্যের উন্নয়নের যাত্রায় নিরন্তর গুরুত্ব আরোপ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানান । মুখ্যমন্ত্রী বলেন যে এই অনুমোদিত তহবিল দিয়ে রাজ্যের ১ হাজার ৫শো ২২ কিলোমিটার দৈর্ঘ্যের সড়ক ও ৩ দশমিক ১-৩ কিলোমিটার দৈর্ঘ্যের সেতু নির্মান প্রকল্প রূপায়ন করা হবে । এর ফলে রাজ্যের গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা অধিক সুদৃঢ় হবে এবং ব্যবসা-বাণিজ্য আরো সূচল হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---

ভারতবর্ষ খুব শীঘ্রই একটি অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদনকারী রাষ্ট্রে পরিণত হওয়ার পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় শক্তি দপ্তরের প্রতিমন্ত্রী শ্রীপদ য়েসো নায়েক মন্তব্য করেছেন । লোকসভার শূন্যকালে আজ এই মর্মে উত্থাপিত একটি পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী নায়েক এই মন্তব্য করে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ২০১৪ সাল থেকে শক্তিখন্ডে উল্লেখযোগ্য সংস্কারের সূচনা করা হয়েছিল । তিনি বলেন যে ভারত সম্প্রতি কয়েকটি প্রতিবেশী রাষ্ট্রে বিদ্যুৎ সরবরাহ করছে । দেশের অর্থনৈতিক অবস্থা শক্তিশালী করে তোলার ক্ষেত্রে শক্তিক্ষেত্র গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে বলেও তিনি মন্তব্য করেন । শ্রী নায়েক বলেন যে আর্থিক অনুশাসনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ ক্ষেত্রকে

অধিক শাক্তিশালী করে তোলার লক্ষ্যে খুব শীঘ্রই সংসদে বিদ্যুৎ সংশোধনী বিল উত্থাপন করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

আগামীকাল বিশ্ব রেডিও দিবস । এই বছরের বিশ্ব রেডিও দিবসের মূল ধ্বনি হচ্ছে- 'কৃত্রিম বুদ্ধিমত্তা এবং রেডিও' । বিশ্ব রেডিও দিবসে এই বছরে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগের ফলে বেতার সম্প্রচারের ক্ষেত্রে উদ্ভুত সুবিধা এবং প্রতাহ্বান সমূহ সম্পর্কে আলোচনা করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার আনিপুরে গতকাল ভেঙে পড়া সেতুটি আজ পরিদর্শন করেছেন রাজ্যের পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । তিনি সরেজমিনে ঘটনাস্থল পরিদর্শন করে বিষয়টি নিয়ে পর্যালোচনা করেন এবং ক্ষয়ক্ষতির সামগ্রিক চিত্র সম্পর্কে প্রশাসনের কাছ থেকে বিস্তারিত তথ্য সংগ্রহ করেন । তিনি ভেঙে পড়া সেতুর অবশিষ্ট অংশ  দ্রুত অপসারণ করে অতি শীর্ঘ সেতুটি মেরামতের কাজ শুরু করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দেন । এছাড়া সেতুটি পুর্ননির্মাণ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট এলাকার লোকজনের নিরাপদে চলাচলের বিষয়টি নিশ্চিত করতে বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন । মন্ত্রী শ্রী পাল জানান যে- জনসাধারণের নিরাপত্তা এবং যোগাযোগ ব্যবস্থা পুনরায় স্বাভাবিক করার বিষয়ে বর্তমান সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বাণিজ্য সংঘ এবং বিভিন্ন শ্রমিক সংগঠনের আহ্বান করা সাধারণ ধর্মঘটের মিশ্র প্রভাব আজ সমগ্র দেশে পরিলক্ষিত হয়েছে । দেশের বিভিন্ন প্রান্তে যান-বাহনের চলাচল ব্যহত হয়েছে। পাশাপাশি বাণিজ্যিক প্রতিষ্ঠান সমূহও বন্ধ থাকতে দেখা গেছে । আসামের মোটর শ্রমিক সংগঠন তাদের বেশকয়েকটি দাবীর পরিপ্রেক্ষিতে এই ধর্মঘটের প্রতি সমর্থন জানিয়ে ২৪ ঘন্টার চাকা বন্ধ্ কার্যসূচি ঘোষণা করে । গুয়াহাটি মহানগরে আজ সিটি বাস চলাচল বন্ধ থাকলেও আসাম রাজ্য পরিবহণ নিগমের সিটিবাসগুলি চলাচল করেছে । খানাপাড়া থেকে দূরপাল্লার বিভিন্ন স্থানে চলাচলকারী গাড়িগুলি বন্ধ ছিল । স্থানে স্থানে ট্যাক্সি পরিষেবাও বন্ধ ছিল । আজকের এই ধর্মঘটের ফলে জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়েছে ।

এদিকে বরাক উপত্যকায় এই ধর্মঘটের মিশ্র প্রভাব পরিলক্ষিত হয়েছে । কাছাড় জেলার বিভিন্ন স্থানে এর আংশিক প্রভাব দেখা গেছে । শিলচর শহরের সেন্ট্রাল রোড,

পার্ক রোড, ক্লাব রোড, শিলংপট্টি, জানিগঞ্জ, হাসপাতাল রোড, নিউ শিলচর সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় দোকান-পাট বন্ধ ছিল । বাণিজ্যিক যান-বাহন সমূহের চলাচলও বন্ধ ছিল । তবে বেসরকারি যান-বাহন চলাচল করেছে । শহরের বেশকয়েকটি স্থানে পিকেটিং করা হয়েছে । তবে গ্রামাঞ্চলে এই বন্ধের প্রভাব তুলনামূলকভাবে কম ছিল ।

এদিকে চারটি শ্রম কোড প্রত্যাহার ও শ্রমিকদের ন্যায্য মজুরির দাবিতে দেশজুড়ে ডাকা বারো ঘন্টার সাধারণ ধর্মঘটের প্রভাব শ্রীভূমি জেলায়ও পড়েছে । বিভিন্ন শ্রমিক সংগঠনের সমর্থনে আজ সকাল থেকেই জেলার বেশকিছু এলাকায় যান-বাহন চলাচল আংশিকভাবে ব্যহত হয়েছে । অন্যদিকে শ্রীভূমি জেলা মোটর শ্রমিক ইউনিয়ন এই ধর্মঘটকে সমর্থন জানিয়ে ২৪ ঘন্টার জন্য যানবাহন চলাচল বন্ধ রাখার কথা ঘোষণা করে । এর পরিপ্রেক্ষিতে শ্রীভূমি শহর ও সংলগ্ন এলাকায় বাস, ট্রাক ও অন্যান্য বাণিজ্যিক যানবাহনের চলাচলও খুব কম ছিল । শহরের বেশ কিছু দোকানপাট আংশিকভাবে খোলা থাকলেও পরিবহণ পরিষেবা বন্ধ থাকায় বাণিজ্যিক ক্ষেত্রেও এর প্রভাব পরিলক্ষিত হয়েছে । দেশজুড়ে আহুত সাধারণ ধর্মঘট এবং মোটর ইউনিয়নের চাকা বন্ধ কার্যসূচির ফলে  শ্রীভূমির জনজীবনে আংশিক প্রভাব পড়লেও কোনো স্থান থেকে কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি ।

হাইলাকান্দি জেলায় এই ধর্মঘট ও বন্ধের তেমন কোনো প্রভাব পরিলক্ষিত হয়নি বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

---

ধলাই বিধানসভা কেন্দ্রের বিধায়ক নীহার রঞ্জন দাস আজ ধলাই-নরসিংপুর উন্নয়ন খন্ডের অধীন বিভিন্ন গ্রামে মুখ্যমন্ত্রী পাকা পথ নির্মান প্রকল্পের অধীনে দশটি পূর্ত সড়কের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । প্রকল্পগুলি বাস্তবায়নে প্রায় ১২ কোটি টাকা ব্যয় করা হবে । শিলান্যাস অনুষ্ঠানে  বিধায়ক শ্রীদাসের সঙ্গে বিজেপির ধলাই-নরসিংপুর মন্ডল কমিটির সভাপতি সঞ্জয় কৈরী , আঞ্চলিক পঞ্চায়েত সভাপতি নির্মল কান্তি দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

প্রখ্যাত লোকসঙ্গীত শিল্পী আব্দুল কাদির বড়ভুইয়া গতকাল শিলচরের একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৮ । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে সম্প্রতি একটি অনুষ্ঠান থেকে বাড়ি ফেরার পর তিনি অসুস্থ হয়ে পড়েন । আব্দুল কাদের বড়ভুইয়ার মৃত্যুতে বরাক উপত্যকা বঙ্গ

সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের হাইলাকান্দি জেলা সমিতির সভাপতি ডক্টর ইন্দিরা ভট্ট াচার্য , বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের প্রাক্তন কেন্দ্রীয় সভাপতি নীতিশ ভট্টাচার্য , লোক সঙ্গীত শিল্পী বিধান লস্কর প্রমুখ গভীর শোক প্রকাশ করেছেন ।

-------------------------------------------------------------------------------------

লক্ষীপুর প্রবীণ নাগরিক সংস্থার উদ্যোগে আজ লক্ষীপুরের খরিরোল কমিউনিটি হলে সদ্য প্রয়াত লক্ষীপুর পৌরসভার প্রাক্তন সহ-সভাপতি মনোজ কুমার দাস ও লক্ষীপুর পালোরবন্দের বিশিষ্ট নাগরিক তথা লেখক এম ভূবন সিংহের মৃত্যুতে এক শোকসভা অনুষ্ঠিত হয়েছে । সংস্থার সহ-সভাপতি কে গৌরহরি সিংহের পৌরহিত্যে আয়োজিত এই সভায় প্রয়াত মনোজ কুমার দাস ও প্রয়াত এম ভূবন সিংহের জীবনের বিভিন্ন দিক নিয়ে আই বিনোদ সিংহ , এস বীরেন সিংহ , ঝর্না রায় চৌধুরী প্রমূখ আলোচনা করেন । উল্লেখ্য মনোজ কুমার দাস গত ৭ই ফেব্রুয়ারী এবং এম ভূবন সিংহ গত ৮ই ফেব্রুয়ারী শেষ নি:শ্বাস ত্যাগ করেন ।

-------------------------------------------------------------------------------------